

বিস্তারিত

সেবার তালিকাঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, পটুয়াখালী।

সিটিজেন চার্টার (নাগরিক সনদ) বিষয়ক তথ্যাদি

অনিঃশেষিত কর্মোদ্যমের প্রতীক যুব সমাজ। যুবদের সুশৃঙ্খল ও সুসংগঠিত করে জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় সম্পৃক্তকরণ এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা, জ্ঞান ও দক্ষতা প্রদানের মাধ্যমে মানব সম্পদে পরিণত করার লক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল জেলার নিম্নবর্ণিত কর্মসূচি চালু রয়েছেঃ

বেকার যুবদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি;

প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থান ও যুব ঋণ কর্মসূচি;

- ii. দারিদ্র্য বিমোচন কর্মসূচি;
- iii. বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি যেমন-প্রাথমিক স্বাস্থ্যসচেতনতা, জনসংখ্যা নিয়ন্ত্রণ, ইভটিজিং, মাদক, বাল্যবিবাহ ও যৌতুক বিরোধী কর্মসূচি, নারীর কাষমতায়নসহ জনহিতকর কর্মসূচি গ্রহণে যুব সমাজকে উদ্বুদ্ধকরণ ও সহায়তা দান;
- iv. যুব নেতৃত্ব বিকাশের জন্য প্রশিক্ষণ কর্মসূচি;
- v. স্বেচ্ছাসেবী যুবসংগঠনসমূহকে বিভিন্ন জাতীয় উন্নয়নমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরণ কর্মসূচি;
- vi. জনসংখ্যা নিয়ন্ত্রণ এবং পরিবার কল্যাণ কর্মকান্ডে যুবদের সম্পৃক্তকরণ কর্মসূচি;
- vii. পরিবেশ উন্নয়ন এবং গোষ্ঠী উন্নয়ন কর্মকান্ডে যুবদের সম্পৃক্তকরণ কর্মসূচি।

প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সংক্রান্ত

ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রশিক্ষণ কেন্দ্রের নাম	প্রশিক্ষণ সেশন	প্রশিক্ষণ কোর্সের মেয়াদ	প্রশিক্ষণ গ্রহণকারীর গুনতম শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ গ্রহণকারীর বয়স ও যোগ্যতা	আবেদনপত্র জমা দেয়ার সময় ও স্থান	প্রশিক্ষণ ফি ও কোর্সের ধরণ
১	মডার্ন অফিস ম্যানেজমেন্ট এ্যান্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন	জুলাই-ডিসেম্বর জানুয়ারি-জুন জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর -ডিসেম্বর জানুয়ারি- মার্চ,	০৬মাস	এইচ,এস,সি/সমমান	ঐ	ঐ	৫০০/= অনাবাসিক
২	পোষাক তৈরি	এপ্রিল-জুন	০৩ মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	৫০/= অনাবাসিক
৩	মৎস্য চাষ	প্রতি মাস	০১মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	৫০/= অনাবাসিক
৪	ইলেকট্রিক্যাল এ্যান্ড হাউজওয়্যারিং	জুলাই-ডিসেম্বর জানুয়ারি-জুন	০৬ মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	৩০০/= অনাবাসিক
৫	আর,এসি	জুলাই-ডিসেম্বর জানুয়ারি-জুন	০৬ মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	৩০০/= অনাবাসিক

৬	ইলেকট্রনিক্স এন্ড মোবাইল সাভিসিং	জুলাই-ডিসেম্বর জানুয়ারি-জুন	০৬ মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	৩০০/=	অনাবাসিক
৭	কম্পিউটার বেসিক এ্যান্ড আইসিটি এ্যান্ড প্লিকেশন	জুলাই-ডিসেম্বর জানুয়ারি-জুন	০৬ মাস	এইচ,এস,সি/সমমান	১৮ -৩৫ বছর বয়সের বেকার যুব ও যুব মহিলা স্থানে	ভর্তি বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ মতে ২নং কলামে বর্ণিত	১০০০/=	অনাবাসিক
ক্রমিক নং	প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রশিক্ষণ কেন্দ্রের নাম	প্রশিক্ষণ সেশন	প্রশিক্ষণ কোর্সের মেয়াদ	প্রশিক্ষণ গ্রহণকারীর গুনতম শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণ গ্রহণকারীর বয়স ও যোগ্যতা	আবেদনপত্র জমা দেয়ার সময় ও স্থান	প্রশিক্ষণ ফি ও কোর্সের ধরণ	
	(ক) গবাদিপশু, হাঁস-মুরগীপালন, প্রাঃ চিঃ মৎস্য চাষ ও কৃষি এবং ছাগল ও ভেড়া পালন	জুলাই-সেপ্টেম্বর, নভেম্বর- জানুয়ারি মার্চ-মে	০৩ মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	২০০/=	আবাসিক
	(খ) সংক্ষিপ্ত কৃষি বিষয়ক প্রশিক্ষণ	অক্টোবর মাস ফেব্রুয়ারি মাস জুন মাস	০১ মাস	অষ্টম শ্রেণি/সমমান	ঐ	ঐ	২০০/=	আবাসিক

-অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সংক্রান্ত

প্রতিটি উপজেলা কার্যালয় নির্ধারিত কতিপয় ট্রেড ছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে সাড়া বছর সর্বোচ্চ ৭/১৪/২১ দিনব্যাপী বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করেন এবং প্রশিক্ষণ গ্রহণকারীগণ তাদের প্রকল্প স্থাপন/সম্প্রসারণের জন্য ঋণ সুবিধা পান।
প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা # উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় কর্তৃক নির্ধারিত সংশ্লিষ্ট উপজেলার বিভিন্ন স্থান
যোগাযোগ # সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

গ. যুব ঋণ সংক্রান্ত

নং	ঋণের ধরণ	ঋণ গ্রহীতাদের যোগ্যতা	ঋণের পরিমাণ (একক)	ঋণ পরিশোধের সময়সীমা ও কিস্তি	সার্ভিস চার্জ	সেবা প্রাপ্তিতে সর্বোচ্চ সময়
১.	আত্মকর্মসংস্থান প্রকল্প (একক)	ক) যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষিত যুব ও যুব মহিলা	২৫ হাজার হতে ৭৫ হাজার টাকা	০৩ মাস অনুগ্রহকাল বাদে পরপর ২৪ টি মাসিক কিস্তিতে ঋণ পরিশোধযোগ্য।	১০% ক্রমহ্রাসমান হারে	অনধিক ২ মাস
২.	পরিবার ভিত্তিক ক্ষুদ্র ঋণ (দল ও কেন্দ্র ভিত্তিক)	পরিবার ভিত্তিক কর্মসংস্থান পরবর্তী ৫ম বছরে কর্মসূচির দল ও কেন্দ্র সদস্য	১৬ হাজার টাকা পর্যন্ত।	সাপ্তাহিক কিস্তিতে (ঋণ ১০% গ্রহণের ১ বছরের মধ্যে)	ক্রমহ্রাসমান হারে	অনধিক ২ মাস

যোগাযোগঃ

প্রশিক্ষণ গ্রহণকারীগণ তাদের প্রকল্প স্থাপন/সম্প্রসারণের জন্য উপযুক্ত ছকে বর্ণিত ঋণ সুবিধা পাবেন। যুব ঋণের আবেদন পত্র সংগ্রহ, তথ্য ও ঋণ প্রদানের যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কার্যালয় যোগাযোগ করতে হবে এবং প্রতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণের জন্য উপ পরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, বাংলাবাজার যোগাযোগ করতে হবে।

- দেশ ও জাতি গঠনে যুব সমাজকে সম্পৃক্তকরণের লক্ষ্যে স্বেচ্ছাসেবী যুব সংগঠনকে তালিকাভুক্তিকরণ।
- আত্মকর্মসংস্থান/ আয়বর্ধক কাজে দৃষ্টান্ত স্থাপনকারী কাজের জন্য জাতীয় যুব পুরস্কার ও যুব কল্যান তহবিল হতে অনুদান প্রদান।
- যুবদের ও স্বেচ্ছাসেবী যুব সংগঠনসমূহকে বিভিন্ন জাতীয় উন্নয়নমূলক কর্মকান্ডে সম্পৃক্তকরণের লক্ষ্যে বিভিন্ন সেমিনার/ কর্মশালা/আলোচনা সভা ইত্যাদির আয়োজন করা।
- প্রতিবছর ১ নভেম্বর যথাযথ গুরুত্বের সাথে জাতীয় যুব দিবস পালন করা।
- যুব বিনিময় কর্মসূচির আওতায় যুবদের সার্ক ও কমনওয়েলথভুক্ত দেশসমূহ সরকারি ব্যয়ে ভ্রমণের ব্যবস্থা করা।